# রেসিডেন্টদের ছুটির

## সংশোধিত অধ্যাদেশ-২০১৭ইং




## বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

শাহবাগ, ঢাকা-১০০০

# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

শাহবাগ, ঢাকা-১০০০

## রেসিডেন্টদের ছুটির সংশোধিত অধ্যাদেশ-২০১৭

১। **নামকরণ:** এই অধ্যাদেশকে বিএমইউ "রেসিডেন্টদের ছুটির সংশোধিত অধ্যাদেশ-২০১৭" বলা হবে।

২। **সংজ্ঞা:** বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কিছুই না থাকলে এই অধ্যাদেশে:-

(ক) "বিশ্ববিদ্যালয়" অর্থ বিএমইউ;

(খ) "সিন্ডিকেট" অর্থ বিএমইউ সিন্ডিকেট;

গ) "ভাইস চ্যান্সেলর" অর্থ বিএমইউ এর ভাইস চ্যান্সেলর;

(ঘ) "প্রো-ভাইস চ্যান্সেলর" অর্থ বিএমইউ এর প্রা-ভাইস চ্যান্সেলরত্রয়;

(ঙ) "ডীন" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদের ডীন;

(চ) "কোর্স ডাইরেক্টর" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সি প্রোগ্রামে বিভিন্ন অনুষদ কর্তৃক মনোনীত কোর্স ডাইরেক্টরগণ; অথবা অধিভুক্ত কলেজ বা প্রতিষ্ঠানের কোর্স ডাইরেক্টরগণ;

(ছ) "রেজিস্ট্রার' অর্থ এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(জ) "চেয়ারম্যান" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান;

(ঝ) "বিভাগীয় প্রধান" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মেডিক্যাল বা ডেন্টাল কলেজ বা ইন্সটিটিউটের বিভিন্ন বিভাগের প্রধান;

(ঞ) "রেসিডেন্সি প্রোগ্রাম" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ বা প্রতিষ্ঠানে রেসিডেন্সি প্রোগ্রাম নামে প্রবর্তিত স্নাতকোত্তর এমডি/এমএস কোর্সসমূহ;

(ট) "রেসিডেন্সি প্রোগ্রাম ফেইজ" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সি প্রোগ্রামের অন্তর্গত এমডি/এমএস কোর্সসমুহের ফেইজ 'এ' ও ফেইজ 'বি';

(ঠ) "রেসিডেন্ট" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সি প্রোগ্রামের এমডি/এমএস কোর্সে ভর্তিকৃত ছাত্র/ছাত্রী;

(ড) "কোর্স কো-অর্ডিনেটর" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সি প্রোগ্রামের ৬৬ বিভিন্ন বিভাগসমূহের কোর্স কো-অর্ডিনেটর;

(ঢ) "সুপারভাইজার" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সি প্রোগ্রামের বিভিন্ন বিভাগের কোর্স এর সুপারভাইজার;

(ণ) "ব্লক" অর্থ রেসিডেন্সি প্রোগ্রামে কর্মকালীন সময়কে তিন থেকে ছয় মাসের ভিত্তিতে বিভক্ত সময়;

(ত) "মূল বিভাগ" অর্থ রেসিডেন্টগণ যে বিভাগের অধীনে ভর্তি হয়েছেন;

(থ) "ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষ" অর্থ এই বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সি প্রোগ্রামের অন্তর্গত রেসিডেন্টদের ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষ;

## ৩। ছুটির নিয়মাবলীর প্রাধান্য ও প্রয়োগঃ

রেসিডেন্টদের ছুটির ক্ষেত্রে বর্তমানে বলবৎ অন্য যে কোন আইন/আদেশ/ অধ্যাদেশ ইত্যাদি যা কিছুই থাকুক না কেন ১ মার্চ, ২০১৭ তারিখ হতে ছুটির এই অধ্যাদেশ কার্যকর বলে গণ্য হবে।

## ৪। ছুটির প্রকৃতিঃ

(ক) নৈমিত্তিক ছুটি;

(খ) চিকিৎসা ছুটি;

(গ) বিনোদন ছুটি;

(ঘ) মাতৃত্বজনিত ছুটি ও

(ঙ) বিনা বেতনে/পারিতোষিকে অসাধাণ ছুটি।

## ৫। সাধারণ নিয়মাবলীঃ

(ক) ছুটি শুধু অধ্যয়নকালীন কর্তব্য পালনের মাধ্যমেই অর্জিত হবে। ছুটি কোন অধিকার হিসাবে দাবী করা যাবে না।

(খ) জরুরি প্রয়োজনে যে কোন ছুটি মঞ্জুর করা অথবা যে কোন মঞ্জুরকৃত ছুটি বাতিল করার ক্ষমতা ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষের উপর ন্যাস্ত থাকবে।

(গ) আবেদনকারীর ছুটির আবেদনপত্রে দায়িত্ব পালনকারীর নাম, পদবী, বিভাগসহ সম্মতি উল্লেখ থাকতে হবে।

(ঘ) ছুটির আবেদনপত্র সুপারিশ করার সাথে সাথে তা লগ বুকে এন্ট্রি করতে হবে।

(ঙ) ছুটির হিসাব মুল বিভাগীয় কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(চ) বিনা বেতনে/পারিতোষিকে অসাধারণ ছুটি এবং মাতৃত্বজনিত ছুটি ভোগের ক্ষেত্রে রেসিডেন্ট ছাত্র/ছাত্রী স্বাভাবিক পারিতোষিক পাবেন না, পরবর্তীতে কাজে যোগদানের পর দায়িত্ব পালনের মাধ্যমে পুনরায় পারিতোষিক পাওয়ার যোগ্য হবেন।

(ছ) কোন রেসিডেন্ট তিন মাসের ব্লকে ১৫ (পনের) দিনের অধিক, চার মাসের ব্লকে ২১ (একুশ) দিনের অধিক, এবং ছয় মাসের ব্লকে ২৮ (আটাশ) দিনের অধিক অনুপস্থিত থাকলে ঐ ব্লক রোটেশনের প্রশিক্ষণ অসম্পূর্ণ হিসাবে গণ্য হবে; পরবর্তীতে অসম্পূর্ণ ব্লকটির প্রশিক্ষণ শেষ করার পরই উক্ত রেসিডেন্ট পরবর্তী Phase Completion পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন ।

(জ) সরকারী চিকিৎসকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেসিডেন্টকে মাতৃত্বকালীন ছুটি, বিনোদন ছুটি ও বিনা বেতনে অসাধারণ ছুটির ক্ষেত্রে এজি অফিসের ছুটির প্রাপ্তির (Leave Account) ছাড়পত্রসহ আবেদন করতে হবে । মঞ্জুরীকৃত ছুটি পরবর্তীতে সমন্বয় সাধন করতে হবে । বিশ্ববিদ্যালয়ের চিকিৎসকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ছুটির বিধিমালা প্রযোজ্য হবে ।

(ঝ) Residency Program- এ প্রেষণাদেশ/শিক্ষা ছুটি ব্যতীত Phase B তে ভর্তি হওয়া যাবে না, তবেঃ-

(১) Residency Program Phase-A উত্তীর্ণ হলে ফলাফল প্রকাশের থেকে সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের মধ্যে Residency Program Phase-B এ ভর্তি হতে হবে ।

(২) বিশ্ববিদ্যালয়ে বছরে দুই বার (জানুয়ারী ও জুলাই মাসে) Residency Program এর Phase ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয় । পরীক্ষাসমূহ জানুয়ারী মাসে শুরু হয়ে ২৮ ফেব্রুয়ারির মধ্যে সকল পরীক্ষা সমাপ্তসহ ফলাফল প্রকাশিত হয় । অনুরূপভাবে জুলাই-তে শুরু হয়ে আগস্টের মধ্যে সমাপ্তসহ ফলাফল প্রকাশিত হয় ।

পরবর্তী Phase যথাক্রমে ১লা মার্চ ও ১লা সেপ্টেম্বর থেকে শুরু হয় বিধায় সরকারী রেসিডেন্টগণ প্রাথমিকভাবে Phase B-তে Enrollment হতে পারবেন, তবে পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে অবশ্যই সরকারী ছুটির আদেশ জমা দিতে হবে, অন্যথায় ভর্তি প্রক্রিয়া বাতিল বলে গণ্য হবে । কোর্স শুরু হওয়ার ০৩ (তিন) মাসের মধ্যে সরকারী ছুটির আদেশ জমা দিলে চলমান Block টি সম্পূর্ণ করার সুযোগ পাবে, তবে উক্ত সময়ে অবশ্যই শিক্ষকদের তত্ত্বাবধানে কোর্স ধারাবাহিকভাবে চালিয়ে যেতে হবে । ০৩ (তিন) মাসের পর ও ০৬ (ছয়) মাসের মধ্যে সরকারী ছুটির আদেশ জমা দিলে চলমান Block টি অসম্পূর্ণ থাকবে এবং পূণরায় তা সম্পন্ন করতে হবে ।

(ঞ) কোন রেসিডেন্ট ০৩ (তিন) মাসের অধিক অননুমোদিত ভাবে কোর্সে অনুপস্থিত থাকলে তার ভর্তিসহ কোর্স বাতিল করা হবে ।

## ৬। প্রকৃতি অনুযায়ী ছুটির নিয়মাবলীঃ

### (ক) নৈমিত্তিক ছুটিঃ

রেসিডেন্ট ছাত্র/ছাত্রীকে বছরে ২০ (বিশ) দিন নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাবে। তবে নৈমিত্তিক ছুটি সাধারণভাবে একসঙ্গে ৬ (ছয়) কর্মদিবসের অধিক মঞ্জুর করা যাবে না।

### (খ) চিকিৎসা ছুটিঃ

প্রতি বছরে সর্বোচ্চ ১৫ (পনের) কর্মদিবস চিকিৎসা ছুটি মঞ্জুর করা যাবে। চিকিৎসা ছুটির ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেট দাখিল করতে হবে। এর বেশী ছুটি প্রয়োজন হলে ৬ (ঙ) ধারা প্রযোজ্য হবে।

### (গ) বিনোদন ছুটিঃ

প্রতি Phase-এ বছরে ১ (এক) বার সর্বোচ্চ ১০ (দশ) দিন রেসিডেন্ট ছাত্র/ছাত্রী বিনোদন ছুটি ভোগ করতে পারবেন। তবে শর্ত থাকে যে, অন্য কোন ছুটির সাথে এই ছুটি যোগ করা যাবে না। শিক্ষাবর্ষ শুরুর প্রথম মাসের মধ্যে বছরে কোন সময়ে ছুটি ভোগ করবেন তা উল্লেখ করে কর্মরত বিভাগের সুপারভাইজার ও কোর্স কো-অর্ডিনেটর এর সুপারিশক্রমে অগ্রীম ছুটির আবেদন দাখিল করতে হবে।

### (ঘ) মাতৃত্বজনিত ছুটিঃ

সন্তান প্রসবের পূর্বে ও পরে অথবা যে কোন এক দিকে মোট ছয় মাস (১৮০ দিন) মাতৃত্বজনিত ছুটি মঞ্জুর করা যাবে। রেসিডেন্ট ছাত্রীগণ রেসিডেন্সি প্রোগ্রাম থাকাকালীন (ফেইজ 'এ' এবং ফেইজ 'বি') মাত্র একবার মাতৃত্বজনিত ছুটি ভোগ করতে পারবেন। মাতৃত্বজনিত ছুটির আবেদনের সঙ্গে এই বিশ্ববিদ্যালয়ের অথবা অধিভুক্ত কলেজ বা প্রতিষ্ঠানের নূন্যতম আর এস (অবস্ এন্ড গাইনী) কর্তৃক প্রদত্ত মেডিক্যাল সার্টিফিকেট দাখিল করতে হবে। কর্মরত বিভাগের সুপারভাইজার, কোর্স কো-অর্ডিনেটর এবং মূল বিভাগের চেয়ারম্যান বা বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশক্রমে অগ্রীম ছুটির আবেদন দাখিল করতে হবে।

**প্রতিস্থাপিত :**

### (ঙ) মাতৃত্বজনিত ছুটিঃ

সন্তান প্রসবের পূর্বে ও পরে অথবা যেকোন এক দিকে মোট ছয় মাস (১৮০ দিন) মাতৃত্বজনিত ছুটি মঞ্জুর করা যাবে। রেসিডেন্টদের রেসিডেন্সি প্রোগ্রাম থাকাকালীন ফেইজ 'এ' এবং ফেইজ 'বি' ০২ (দুই) বার মাতৃত্বজনিত ছুটি ভোগ করতে পারবেন। মাতৃত্বজনিত ছুটির আবেদনের সঙ্গে এই বিশ্ববিদ্যালয়ের অথবা অধিভুক্ত কলেজ বা প্রতিষ্ঠানের নূন্যতম আর এস (অবস্ এন্ড গাইনী) কর্তৃক প্রদত্ত মেডিক্যাল

সার্টিফিকেট দাখিল করতে হবে। কর্মরত বিভাগের সুপারভাইজার, মূল বিভাগের চেয়ারম্যান বা বিভাগীয় প্রধান অধ্যক্ষ/পরিচালক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক সুপারিশক্রমে অগ্রীম ছুটির আবেদন দাখিল করতে হবে। কোর্সে অধ্যয়নরত অবস্থায় মাতৃত্বজনিত ছুটি কোর্সের মেয়াদকালের মধ্যে অন্তর্ভুক্ত হবে না।

**(চ) বিনা বেতনে/পারিতোষিকে অসাধারণ ছুটিঃ**

রেসিডেন্ট ছাত্র/ছাত্রীর জন্য উপরোল্লিখিত ছুটিসমূহ যখন প্রযোজ্য নয় বলে গণ্য হবে সেক্ষেত্রে বিশেষ বিবেচনায় বিনা বেতনে/বিনা পারিতোষিকে অসাধারণছুটি মঞ্জুর করা যাবে। এক্ষেত্রে ছুটির আবেদনের সাথে যথাযথ কারণসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। চিকিৎসাজনিত ছুটির ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের আবাসিক চিকিৎসক/সার্জন এর প্রত্যয়ন দাখিল করতে হবে।

তবে শর্ত থাকে যে, একই সাথে ১৮০ (একশত আশি) দিনের অধিক বিনা বেতনে/বিনা পারিতোষিকে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাবে না। একটি ফেইজে কেবলমাত্র ১ (এক) বার বিনা বেতনে/পারিতোষিকে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাবে। বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সি প্রোগ্রামে ভর্তির পর যে সকল রেসিডেন্ট বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হবেন/এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত হবেন/ফাউন্ডেশন ট্রেনিং-এর জন্য মনোনীত হবেন, সে সকল রেসিডেন্টকে প্রযোজ্য ক্ষেত্রে একই সাথে সর্বোচ্চ ০৩ (তিন) বছর বিনা বেতনে/বিনা পারিতোষিকে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাবে। কোন রেসিডেন্ট ছুটি শেষে তিন বৎসরের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

## ৭। ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষঃ

কর্মরত বিভাগের সুপারভাইজার ও কোর্স কো-অর্ডিনেটর এর সুপারিশের ভিত্তিতে মূল বিভাগের চেয়ারম্যান/বিভাগীয় প্রধান রেসিডেন্টদের নৈমিত্তিক ছুটি, চিকিৎসা ছুটি ও বিনোদন ছুটি মঞ্জুর করতে পারবেন। মাতৃত্বজনিত ছুটি এবং বিনাবেতন বা বিনা পারিতোষিকে অসাধারণ ছুটি প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমি)/অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানের ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষ মঞ্জুর করবেন।

উল্লেখ থাকে যে, মাতৃত্বজনিত ছুটি ও বিনা বেতনে/বিনা পারিতোষিকে অসাধারণ ছুটি অনুমোদনের পর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অথবা তৎকর্তৃক মনোনীত কর্মকর্তা, অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অফিস আদেশ জারি হতে হবে; কর্মরত ও মূল বিভাগের কোর্স কো-অর্ডিনেটর, চেয়ারম্যান/বিভাগীয় প্রধান ও কোর্স ডাইরেক্টর এবং ডীন ছুটি মঞ্জুর আদেশের কপি পাবেন।

ডেপুটেশনে আসা সরকারী চিকিৎসকদের ক্ষেত্রেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ছুটি মঞ্জুর আদেশের অনুলিপি কোর্স কো-অর্ডিনেটর/চেয়ারম্যান/বিভাগীয় প্রধান ও কোর্স ডাইরেক্টর এবং ডীন ছুটি মঞ্জুর আদেশের কপি পাবেন।

২৭ মার্চ, ২০১১ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪২তম সভায় অনুমোদিত
এবং ২৯ জুন, ২০১৪ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫৪তম সভা ও
০১-১০-২০১৬ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৬৩মত সভায় সভায় সংশোধিত।

# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

শাহবাগ, ঢাকা-১০০০

## রেসিডেন্টদের জন্য ছুটির আবেদনপত্র

**বরাবর**

রেজিস্ট্রার/অধ্যক্ষ/পরিচালক

বিএমইউ : ........................................ কলেজ/ইনস্টিটিউট

১। রেসিডেন্টের নাম : ............................................................

২। ভর্তির সেশন : .................................... কোঠা: সরকারী/বেসরকারী

৩। কোর্স ও বিষয় : .................................... ফেইজ.....................

৪। মূল বিভাগ : ............................................................

৫। কর্মরত ব্লকের বিভাগ
(প্রযোজ্য ক্ষেত্রে) : ............................................................

৬। ছুটির সময় : ............................................................

৭। ছুটি ভোগের কারণ : ............................................................

৮। ছুটিকালীন ঠিকানা
ও টেলিফোন নম্বর : ............................................................

৯। দায়িত্ব পালনকারীর নাম
পদবী, বিভাগ ও টেলিফোন/
মোবাইল নম্বর : ............................................................

১০। ছুটির ধরণ : ............................................................

| নৈমিত্তিক | চিকিৎসা | বিনোদন | মাতৃত্বজনিত | বিনা বেতনে/ পারিতোষিকে অসাধারণ ছুটি |
|---|---|---|---|---|

১১। ছুটি ভোগের পর যোগদানের তারিখ: ..................................................

______________________ আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ
মোবাইল নম্বর:

______________________ দায়িত্ব পালনে সম্মতি প্রদানকারীর স্বাক্ষর ও তারিখ
মোবাইল নম্বর:

১২। ছুটির হিসাব : ছুটির ধরন / মোট প্রাপ্য ছুটি [ ] মোট গৃহীত ছুটি [ ] অবশিষ্ট ছুটি [ ]

______________ সুপারভাইজার

______________ চেয়ারম্যান/বিভাগীয় প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে)

______________ সংশ্লিষ্ট অনুষদের ডীন (প্রযোজ্য ক্ষেত্রে)

ছুটি মঞ্জুরের আদেশ ....................................তারিখ হতে......................................
তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি/চিকিৎসা ছুটি/বিনোদন ছুটি/মাতৃত্বজনিত ছুটি/বিনা বেতনে/পারিতোষিকে অসাধারণ ছুটি মঞ্জুর করা হল।

______________________
ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

**সংযুক্তি:**

১. কোর্সে যোগদান পত্রের কপি।
২. চিকিৎসা/মাতৃত্বজনিত ছুটির ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেট।
৩. অসাধারণ ছুটির ক্ষেত্রে যথাযথ কারণসহ প্রয়োজনীয় কাগজপত্র।

২৭ মার্চ, ২০১১ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪২তম সভায় অনুমোদিত এবং ২৯ জুন, ২০১৪ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫৪তম সভা ও ০১-১০-২০১৬ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৬৩মত সভায় সভায় সংশোধিত।

# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

# Bangladesh Medical University

শাহবাগ, ঢাকা-১০০০




# Bangladesh Medical University

**Shahbag, Dhaka, Bangladesh.**
Tel: +88-02-55165760-94, Fax: +88-02-55165609
Web: www.bmu.ac.bd